# যুদ্ধবিরতির পরও থামেনি সহিংসতা, বাড়ছে গাজায় হামলা



সংগৃহীত ছবি

গাজা ও পশ্চিম তীরে ইসরায়েলি বাহিনীর অভিযান জোরদার হয়েছে। আনাতায় যানবাহন জব্দ, আল-মুগাইয়্যিরে কাঁদানে গ্যাস নিক্ষেপ এবং মাসাফের ইয়াত্তায় দুইজনকে আটক করা হয়েছে।

রামাল্লার পূর্বে রুম্মোন ও দেইর দিবওয়ানের মাঝামাঝি এলাকায় বসতি স্থাপনকারীদের আগুনে ফিলিস্তিনিদের বাড়িঘর ও কৃষি স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে বলে স্থানীয় সূত্র জানিয়েছে।

জাতিসংঘের তথ্য অনুযায়ী, ২০২৩ সালের জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত বসতি স্থাপনকারীদের হামলা ও চলাচল সীমিত করার কারণে পশ্চিম তীরে প্রায় ৮৮০ পরিবার, অর্থাৎ ৪,৭০০-র বেশি মানুষ বাস্তুচ্যুত হয়েছে। এ পরিস্থিতিতে উদ্বেগ জানিয়েছে সংস্থাটি।

গাজা সিটির পূর্বাঞ্চলে গুলিতে তিনজন আহত হয়েছেন। উত্তর গাজায়ও গোলাবর্ষণের খবর পাওয়া গেছে। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, গত ৪৮ ঘণ্টায় একজন নিহত ও ১০ জন আহত হয়েছেন। ৭ অক্টোবর ২০২৩ থেকে শুরু হওয়া সংঘাতে এখন পর্যন্ত নিহত ৭২,০৭০ এবং আহত ১,৭১,৭৩৮ জন।

LENS ASIA